

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (০৫ ফেব্রুয়ারী ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: গোদাগাড়ী

তারিখ: ০৫-০২-২০২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ০২.০২.২০২৬ থেকে ০৪.০২.২০২৬ তারিখ পর্যন্ত

জেলা: রাজশাহী

বুলেটিন নম্বর: ১২০

পূর্বাভাসের সময়কাল	০২-০২-২০২৬	০৩-০২-২০২৬	০৪-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪	২৬	২৮
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	০৯	১০	১২
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫৫	৫৭	৫০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৯	১৪	১৩
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ০৫.০২.২০২৬ থেকে ০৮.০২.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	০৫-০২-২০২৬	০৬-০২-২০২৬	০৭-০২-২০২৬	০৮-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৭	২৬	২৬	২৭
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১০	১০	১১	১১
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪৫	৪৫	৪৮	৪৭
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৭	১৬	১৩	১৭
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ০৫ ফেব্রুয়ারী ২০২৬ – ০৮ ফেব্রুয়ারী ২০২৬

আম চাষের জন্য পরামর্শ:

- আমের মুকুল আসার পূর্বেই প্রয়োজনে একটি স্প্রে করতে হবে। মুকুল আসার আগেই ঘন কুয়ামাচ্ছন আবহাওয়া বিরাজ করলে মুকুল বের হওয়ার ১৫-২০ দিন পূর্বে সাইপারমেথ্রিন গুপের কীটনাশক ০১ মিলি এবং সালফার গতিত ছত্রাকনাশক ০২ গ্রাম পানিতে মিশিয়ে স্প্রে করুন। এই স্প্রে করলে হপার পোকা এবং সুটি মোল্ড ছত্রাকের আক্রমণ কমে।
- আমের মুকুলে ফুল ফোটার পূর্বে গাছে যখন মুকুল ৪-৬ ইঞ্চি হয়, তখন ০১ লিটার পানিতে ইমিডাক্লোপ্রিড গুপের কীটনাশক তরল ০.৫ মিলি এবং ম্যানকোজেব জাতীয় ছত্রাকনাশক ০২ গ্রাম মিশিয়ে সমস্ত গাছ ভিজিয়ে স্প্রে করুন।

**** সূত্র: কৃষি তথ্য সার্ভিস রাজশাহী**

গম: পর্যায়: ফুল আসা

- বর্তমান আবহাওয়ায় রাত থেকে সকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি কুয়াশা থাকলে ব্লাস্ট রোগ হওয়ার সম্ভাবনা থাকে, সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। ব্লাস্ট রোগ দেখা দিলে, নাটিভো-৭৫ ডব্লিউজি ৬.০গ্রাম/লিটার পানিতে মিশিয়ে স্প্রে করুন।
- ফসলের এই পর্যায়ে এবং অনুকূল আবহাওয়ায়, দেরিতে বপন করা গম ফসলে উইপোকাকার উপদ্রব দেখা দিতে পারে। যদি গমের ক্ষেতে উইপোকাকার উপদ্রব দেখা যায় তবে ক্লোরপাইরিফস গুপের কীটনাশক ৪.০মিলি/লি: হারে পানির সাথে মিশিয়ে সন্ধ্যা বেলায় মাটিতে স্প্রে করার পরামর্শ দেওয়া হলো।
- ফসলের এই পর্যায়ে এবং অনুকূল আবহাওয়ায় গমে পাতার মরিচা রোগের আক্রমণ হতে পারে। লক্ষণ দেখা গেলে ছত্রাক নাশক টিল্ট ২৫০ ইসি ০.৫মিলি/লি: পানিতে মিশিয়ে ১২-১৫ দিন অন্তর ২-৩ বার স্প্রে করুন।

সাধারণ সতর্কতা:

- সকালের কুয়াশা ও আর্দ্রতার কারণে রোগের ঝুঁকি বাড়তে পারে, তাই নিয়মিত পর্যবেক্ষণ করুন।
- আবহাওয়া পরিবর্তন অনুযায়ী সেচ ও সার ব্যবস্থাপনা সামঞ্জস্য করুন।
- স্থানীয় কৃষি অফিস থেকে সর্বশেষ আবহাওয়া তথ্য সংগ্রহ করুন।